LIBRARY
BRAC
66, Mohakhali C.A, Dacca-12

A MANUAL FOR THE OTEP-USAGE SURVEY

বাংলাদেশের দুর্দশাগ্রস্থ , সমস্যা জর্জরিত নিভৃত পল্লীর যে সব মানুষ বর্তমান সভ্যতার আধুনিক সুযোগ থেকে বঞ্চিত বাংলাদেশ রুরাল এ্যাডভান্সমেন্ট কমিটি (ব্র্যাক) তাদের সেবায় নিয়োজিত একটি সংস্থার নাম। বাংলাদেশীদের দ্বারা প্রতিষ্ঠিত ও পরিচালিত এ সংস্থা ১৯৭২ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে বাংলাদেশের পল্লীর মানুষের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার উন্নয়নে নিবেদিত রয়েছে এবং নবতর বাস্তবমুখী কর্মসূচী প্রনয়ন ও প্রয়োগ করে আসছে।

পল্লীর গণমানুষের সার্বিক উন্নয়নের উদ্দেশ্যকে সামনে রেখে ব্র্যাক যে সকল উন্নয়ন প্রকল্প হাতে নিয়েছে তাদের মধ্যে ভূমিহীনদের জন্য দলীয় উপার্জনশীল কর্মসূচী, গ্রামীন ঋণ প্রকল্প, স্বাস্থ্য, পুষ্টি, পরিবার পরিকল্পনা, ডায়রিয়া প্রতিষেধক প্রকল্প, চেতনাদায়ী ব্যবহারিক শিক্ষা, মাসিক গণকেন্দ্র পত্রিকা, অংশ গ্রহনমূলক গবেষনা, দরিদ্র কারুকারদের হস্তশিল্পজাত সামগ্রীর উন্নয়ন ও বাজারজাত করণ ও প্রশিক্ষন কেন্দ্র ইত্যাদি বিশেষভাবে উল্লেখের দাবী রাখে। এই সকল প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্যে ব্র্যাক যে সকল কর্মক্ষেত্রে পৌঁছেছে সে সমস্ত স্থানের পরিসংখ্যান থেকে পাওয়া তথ্যে দেখা যায় বাংলাদেশের পল্লীতে সবচেয়ে বড় প্রানহন্তা হচ্ছে ডায়রিয়া ও পুষ্টিহীনতা। ডায়রিয়া বলতে যে কোন কারনে এক বা একাধিকবার তরল পায়খানা হওয়াকে বুঝায়। ডায়রিয়া বিভিন্ন অঞ্চলে বিভিন্ন নামে পরিচিত। ইহা পাতলা পায়খানা, পেট খারাপ, পেট নামা, ঘাটে যাওয়া, খালে যাওয়া, সরকারী, ঘাটবমি, দুধ হাগা, বাথন যাওয়া হাগা, উঠতি নামতি, ভেদবমি, ওলাউঠা, ঢেড়া, পেট চলা, ময়দানে যাওয়া, বাড়ি হওয়া, দাস্ত, বাতাস লাগা, ফৌজদারি, গরম লাগা, উপরি ব্যারাম ইত্যাদি আঞ্চলিক ভাষায় পরিচিত। এই রোগে আক্রান্ত রোগীর দেহ থেকে প্রচুর পানি ও লবণ জাতীয় জিনিস বের হয়ে যায় বলে রোগী জলশূন্যতার শিকার হয় এবং দূর্বল হয়ে পড়ে। রোগীকে সবল ও সুস্থ করতে হলে দ্রুত এইসব জিনিসের ঘাটতি পূরন করে দিতে হবে। বাজারের স্যালাইনের সাহায্যে এই পানি, লবন ও গ্লুকোজ সরাসরি রক্তে দিয়ে দেয়া হয়। এই বাজারের স্যালাইন যেমন ব্যয় বহুল তেমনি দুষপ্রাপ্য। অনেক গবেষনা ও পরীক্ষা নিরিক্ষার পর ব্র্যাক কার্যকর, নিরাপদ ও সহজ লভ্য সামগ্রী দ্বারা বাড়ীতে তৈরীযোগ্য একটি ব্যবস্থা উদ্ভাবন করেছে। এটি এক চিমটি লবন, এক মুঠো গুড়, আধাসের পানির সঙ্গে মিশিয়ে তৈরী করতে হয়। এটি এমন একটি পরিপূর্ন দ্রবন যেখানে স্যালাইনের প্রয়োজনীয় উপাদান জনগনের হাতে রয়েছে। এই স্যালাইন পান করে ডায়রিয়া আক্রান্ত রোগী দ্রুত সেরে উঠতে পারেন এবং স্যালাইন তৈরীর পদ্ধতি, ব্যবহারবিধি এবং ডায়রিয়া রোগ থেকে নিরাপদ থাকার নিয়মাবলী শিক্ষা দেওয়ার জন্য হাজার হাজার ব্র্যাক কর্মী বাংলাদেশের বিভিন্ন গ্রামে কর্তব্যরত। ব্র্যাক-এর এই ডায়রিয়া প্রতিষেধক কর্মসূচী গ্রামের মানুষ কতটুকু গ্রহন করেছে এবং এথেকে মানুষ কতটুকু উপকৃত হয়েছে তার পরিমান নির্নয়ের উদ্দেশ্যে এবং কোথায় এই কর্মসূচীর ত্রুটি রয়েছে তা অনুসন্ধান করে সমাধান এর পথ বের করে মুখে খাওয়ার স্যালাইনকে আরও জনপ্রিয় করে তোলার লক্ষে ব্র্যাক এর গবেষনা ও মূল্যায়ন বিভাগ Usage Survey -এর পদক্ষেপ গ্রহন করে।

বর্তমানে রিইনফোর্সমেন্ট টিম এর তিনটি প্রধান দায়িত্বের মধ্যে Usage Survey -অন্যতম। এ মূল্যায়ন এর লক্ষ্য অর্জনে সুপারভাইজার বা টিম-ইন-চার্জ ও সাক্ষাৎকার গ্রহনকারীর কিছু দায়িত্ব ও কর্তব্য রয়েছে। এছাড়া জরিপের প্রশ্নমালার বিশদ ব্যাখ্যার ও প্রয়োজন রয়েছে। এই Manual এ Usage Survey -এর ইউনিয়ন ও গ্রাম নির্বাচন পদ্ধতি, সাক্ষাৎকার গ্রহনকারীর কর্তব্য ও দায়িত্ব, সুপারভাইজার বা টিম-ইন-চার্জ এর দায়িত্ব ও কর্তব্য, প্রশ্নমালার বিশদ ব্যাখ্যা এবং প্রশ্নমালার ধারাবাহিকতা সম্পর্কে ক্রমানুয়ে আলোচনা করা হল।

Prepared by: Kamrun Noor Faruk, Staff Economist,
Research and Evaluation Division.

ইউনিয়ন নির্বাচন পদ্ধতি :

সঠিক ও নির্ভুল ইউনিয়ন ও গ্রাম নির্বাচন Usage Survey -এর একটি গুরুত্বপূর্ণ দিক। একমাত্র নির্ভুল ইউনিয়ন ও নির্বাচনের মাধ্যমে সঠিক মূল্যায়ন আশাকরা যায়।

- সাধারণভাবে প্রতি ৩টি ORW টিম এর জন্য একটি রিইনফোর্সমেন্ট টিম থাকবে। প্রতিটা term (অর্থাৎ তিনমাস)-এর জন্য প্রতিটা ORW টিমের কাজ সমাপ্ত করা ইউনিয়নগুলোর মধ্যে অন্ততঃপক্ষে একটি ইউনিয়ন আপনাকে অবশ্যই নির্বাচন করতে হবে।
- একই ইউনিয়নে দুই বা ততোধিক ORW টিম কাজ করলে সে ক্ষেত্রে যে ORW টিম উক্ত ইউনিয়নে বেশী কাজ করবে সে ইউনিয়ন উক্ত টিমের কাজ হিসাবে গন্য হবে।
- সাধারনতঃ প্রতি ORW টিম মাসে একটি করে তিন মাসে তিনটি ইউনিয়নে কাজ করে থাকে। কিন্তু রিইনফোর্সমেন্ট টিম প্রতিমাসে শুধু একটি মাত্র ইউনিয়নে Usage Survey- করবে। তবে এটা এমনভাবে নির্বাচন করতে হবে যেন কোন term -এ, কোন ORW টিমের কাজ এই জরীপ থেকে বাদ না পড়ে। যেমন ধরুন, প্রথম মাসে যদি আপনি ORW টিম নং -১ এর কাজ করা ইউনিয়ন usage survey এর জন্য নির্বাচন করেন, দ্বিতীয় মাসে ORW টিম নং -২ এর কাজ করা ইউনিয়ন usage survey-এর জন্য নির্বাচন করেন, তাহলে তৃতীয় মাসে আপনাকে অবশ্যই ORW টিম নং -৩ এর কাজ করা ইউনিয়ন usage surveyএর জন্য নির্বাচন করতে হবে।
- ইউনিয়ন নির্বাচনের ক্ষেত্রে random table -এর বাম দিকের এক সংখ্যাকে ব্যবহার করতে হবে।

গ্রাম নির্বাচন পদ্ধতি :

ইউনিয়ন নির্বাচনের পরেই গ্রাম নির্বাচনের প্রশ্ন আসে। গ্রাম নির্বাচন অত্যন্ত সতর্কতার সহিত নিম্নে উল্লেখিত উপায়ে করা উচিত।

- প্রথমে ORW Village Coverage Statistics Report থেকে usage survey এর জন্য নির্ধারিত ফরমে (see Appendix-1) গ্রাম গুলোর নাম একই ক্রমিক নম্বরে লিখতে হবে।
- তারপর নির্ধারিত ফরমের নীচে Starting Random Column - নং লিখতে হবে। আপনার প্রয়োজনীয় সংখ্যা Random table এর যে column -এ শেষ হোক না কেন starting Random Column No. উল্লেখ করার সময় শুধুমাত্র Random Tableএর যে Columnথেকে শুরু হয়েছে শুধুমাত্র সেই Column এর নম্বর উল্লেখ করতে হবে।
- Starting Random Column নির্বাচনে প্রতিটি টিমের ক্রমিক নম্বর বজায় রাখতে হবে। যেমন :- প্রথম ইউনিয়নে Starting Column -(1) দ্বিতীয় ইউনিয়নে Starting Colu -(২) তৃতীয় ইউনিয়নে Starting Column -(৩)......... এইভাবে।
- গ্রাম নির্বাচনের সময় Random table -এর বাম দিকের দুই সংখ্যাকে ব্যবহার করতে হবে।
- প্রতিটি ইউনিয়নের জন্য এমনভাবে গ্রাম নির্বাচন করতে হবে যাতে আপনার পরিকল্পনায় মোট খানা সংখ্যা কোন অবস্থাতেই ৩০০ এর কম না হয়।
- বিশেষ ক্ষেত্র ব্যতীত এমনভাবে গ্রাম নির্বাচন করতে হবে যাতে নির্বাচিত গ্রামের খানা সংখ্যা ১৫০ এর কম এবং ৩০ এর বেশী হয়।
- চূড়ান্ত নির্বাচিত গ্রামগুলোর জন্য নির্ধারিত ফরমে (See Appendix-II) Operational Plan তৈরী করতে হবে এবং এক কপি Operational plan অবশ্যই স্থানীয় এরিয়া অফিসে জমা দিতে হবে।

<u>সাক্ষাৎ গ্রহনকারীর কর্তব্য ও দায়িত্ব</u> :

– জরিপের তথ্য সংগ্রহ করাই সাক্ষাৎগ্রহন কারীদের আসল কাজ । প্রায় সমস্ত তথ্যই তিনি সংগ্রহ করবেন । অতএব তার কাজের মানই জরিপের মান নির্ধারন করবে । জরিপ চালনাকারীদের দেয়া সুচিন্তিত পদ্ধতি সমূহ জরিপের কাজে নিয়োজিত সকল সাক্ষাৎগ্রহনকারী একইভাবে অনুসরন করবেন এটাই কাম্য । আপনার টিম-ইন-চার্জ আপনাকে প্রয়োজনীয় কাগজপত্র, দ্রব্যাদি ও নির্দেশাবলী দিবেন । তিনি আপনাদেরকে কাজ দিবেন এবং সেই কাজ যাচাই করে দেখবেন । ফিল্ডের কাজে কোন প্রকার সমস্যা দেখা দিলে তার সমাধান কল্পে তিনি আপনাকে সাহায্য করবেন । কোন জরিপের উচ্চ মানের তথ্যাদি সংগ্রহের জন্য সাক্ষাৎগ্রহন কারীদের তদারকী একটি অত্যাবশ্যকীয় এবং অবিচ্ছেদ্য কাজ । সাক্ষাৎগ্রহনকারী যদি জরিপ চলাকালীন সময়ে মনোযোগী এবং সতর্ক না হন তবে জরিপের উদ্দেশ্য ব্যাহত হতে বাধ্য, যাহা কোন ভাবে কাম্য নয় । জরিপ কাজের সফলতা সাক্ষাৎ গ্রহনকারী হিসাবে আপনার সুষ্ঠু প্রশিক্ষন লাভের উপরই চূড়ান্তভাবে নির্ভর করে। আপনাদের প্রশিক্ষনের দু'টি দিক আছে । শ্রেনী কক্ষ প্রশিক্ষন ও ব্যবহারিক অভিজ্ঞতা । আনুষ্ঠানিক প্রশিক্ষন কোর্স শেষ হলেই সাক্ষাৎ গ্রহনকারী হিসাবে আপনার প্রশিক্ষন শেষ হবে না । ফিল্ডের কাজ সম্পর্কে আলোচনা করার জন্য যখনই সুপারভাইজার বা টিম-ইন-চার্জ আপনার সঙ্গে কথা বলবেন তখনও আপনার প্রশিক্ষন চলতে থাকবে । আনুষ্ঠানিক প্রশিক্ষনে আপনাকে শুধুমাত্র জরিপ, প্রশ্নমালা ইত্যাদি সম্পর্কে মৌলিক জ্ঞানদান করা হবে । ফিল্ডের কাজ থেকে প্রাপ্ত জ্ঞান ও তদারকী আপনার প্রশিক্ষন পর্বকে পরিপূর্ন করবে । ফিল্ডের কাজের প্রারম্ভিক কয়েকটা দিন এদিক দিয়ে বিশেষ গুরুত্বপূর্ন ।

<u>যোগ্য উত্তরদাতা</u> :

– খানার একজন দায়িত্বশীল ব্যক্তি আপনার প্রশ্নমালা সমূহের যোগ্য উত্তরদাতা হতে পারবেন । খানা প্রধানের স্ত্রী যিনি খানার প্রত্যেক সদস্য সদস্যার (শিশুসহ) সুখ অসুখের বিস্তারিত তথ্যাদি রাখেন তিনিই হতে পারেন সর্বশ্রেষ্ঠ উত্তরদাতা । গৃহ কর্ত্রীকে পাওয়া না গেলে কোন বয়স্ক লোক যিনি উক্ত খানার নিয়মিত সদস্য এবং খানার বিভিন্ন ব্যাপারে জানেন তিনিও যোগ্য উত্তরদাতা হতে পারেন । অপ্রকৃতিস্থ, উম্মদ, অপ্রাপ্ত বয়স্ক বা অত্যাধিক বুড়ো এবং অতিথি-মেহমান, কাজের লোক , জায়গীর ইত্যাদি যোগ্য উত্তরদাতা হতে পারবেন না ।

<u>সাক্ষাৎ গ্রহনের নীতিমালা</u> :

– প্রশ্ন করে কারোও কাছ থেকে তথ্যাদি সংগ্রহ করার একটা উপায় হল সাক্ষাৎকার গ্রহন । ইহা দুজনার মধ্যে সাধারন ভাবে কথোপকথনেরই শামিল । সাধারন কথোপকথোন থেকে ইহা কয়েকটা দিক দিয়ে ভিন্নতর ।

প্রথমত – সাক্ষাৎগ্রহনকারী এবং উত্তরদাতা একে অপরের পরিচিত নন । আপনার অন্যতম প্রধান কাজ হলো উত্তরদাতার বিশ্বাস ভাজন হওয়া যেন তিনি নির্দ্বিধায় আপনার সব প্রশ্নের জবাব দেন ।

দ্বিতীয়ত – সাধারন কথোপকথন থেকে সম্পূর্ন আলাদা ভাবে একজন সব প্রশ্ন করে যাচ্ছেন এবং অন্যজন শুধু উত্তর দিয়ে যাচ্ছেন । আপনি সব সময় আপনার মতামত দেয়া থেকে বিরত থাকবেন উত্তরদাতা আপনাকে যাই বলুক না কেন আপনি কোন অবস্থাতেই অস্বস্থিবোধ করবেন না । তখনও তাকে সমর্থন বা অসমর্থন করবেন না । সাক্ষাৎকার গ্রহনের সকল পর্যায়ে পুরোপুরি ভাবে নিরপেক্ষ থাকবেন । তবে আপনি মাথা নাড়িয়ে বা "বেশ ভাল" অথবা "আচ্ছা" এ ধরনের কথা বলে উত্তরদাতার উত্তর সমূহের প্রতি উৎসাহ প্রদান করতে পারেন ।

তৃতীয়ত – প্রশ্ন জিজ্ঞেস করার জন্য একটা সঠিক ধারাবাহিকতা রক্ষা করা হয় । আপনি সর্বদা এই ধারাবাহিকতা রক্ষা করবেন এবং সব সময়ই অবস্থা আয়ত্তাধীন রাখবেন । এর অর্থ হলো সমস্ত সাক্ষাৎকারে আপনি উত্তরদাতার উৎসাহ দিয়ে রাখবেন ।

অপর পৃঃ ৪

- আগেই বলা হয়েছে যে উত্তরদাতা ও আপনি একে অন্যের সঙ্গে পরিচিত নন । তার সঙ্গে ঘনিষ্ঠতা করার জন্য আপনার হাতে খুব বেশী সময়ও থাকবে না । তাই অল্প সময়ের মধ্যে আপনাকে উত্তরদাতার বিশ্বাস অর্জন করে সমস্ত প্রশ্নের সঠিক উত্তর নেয়ার জন্য তার সহযোগিতা পেতে হবে । কোন বাড়িতে প্রবেশ করেই আপনি যা বলবেন বা যা করবেন তা উত্তরদাতার সহযোগিতা পাওয়ার জন্য আপনাকে সবচেয়ে বেশী সাহায্য করবে । তাই পোষাক পরিচ্ছদ এবং চলাফেরার ভংগী যেন উত্তরদাতা এবং সংশ্লিষ্ট এলাকার সকলের কাছে গ্রহনযোগ্য হয় ।উত্তরদাতার সাথে দেখা হওয়ার সঙ্গে সঙ্গেই সর্ব প্রথম আপনার নিজের পরিচয় দিবেন ।

= আগন্তকের কাছে বা অপরিচিত লোকদের সঙ্গে প্রায় সবাই সাধারনত: খুব নম্র ব্যবহার করে এবং সব কথার জবাব এমন ভাবে দেয়ার চেষ্টা করে যাতে আগন্তক বা মেহমান সন্তুষ্ট হন। অতএব সাক্ষাৎকারের বিষয় বস্তুর ব্যাপারে আপনাকে অবশ্যই নিরপেক্ষ থাকতে হবে । কখনও বড় বা ছোট পরিবারের স্বপক্ষে বা বিপক্ষে কোন কথা বলবেন না । অথবা পরিবার পরিকল্পনার স্বপক্ষে বা বিপক্ষে কোন কথা বলবেন না । আপনার মুখ মন্ডলের হাবভাব বা কন্ঠস্বর দিয়ে কখনও কোন উত্তরদাতার উত্তরের প্রতি আশ্চর্যভাবে সমর্থন বা অসমর্থন প্রদান করবেন না । উত্তরদাতার কাছে কখনও আপনার মতামত ব্যক্ত করবেন না । উত্তরদাতা আপনার মতামত জিজ্ঞেস করলে ও সাক্ষাৎগ্রহন শেষ করার পূর্বে তাকে কিছু বলবেন না । যে কোন ভাবেই হোক উত্তর সংগ্রহ করে পরে বলবেন । আপনার কাছে উপদেশ চাইলে বলবেন যে আপনি তাকে উপদেশ দিতে পারবেন না । কারন আপনি তার কাছ থেকে শুধু জানার জন্য গিয়েছেন । তবে ডায়রিয়ায় আক্রান্ত কোন রোগীর ব্যাপারে পরামর্শ চাইলে সাথে সাথে পরামর্শ না দিয়ে প্রথমে কাজ শেষ করে নতুবা ঐ মহল্লার কাজ শেষ করে পরামর্শ দিতে পারেন ।

- প্রশ্ন জিজ্ঞেস করার কৌশল সমূহ বার বার সাক্ষাৎকার গ্রহনের মাধ্যমেই আয়ত্ব করা যায় তবু কিছু মৌলিক বিষয় আপনারি মনে রাখা প্রয়োজন । সবচেয়ে উল্লেখ যোগ্য বিষয়টি যা আগেই উল্লেখ করা হয়েছে সেটি হল নিরপেক্ষতা । উত্তরদাতার কাছ থেকে আপনি সম্ভাব্য কোন উত্তরটি পেতে চান সে ধরনের কোন ইঙ্গিত দেবেন না ।

- এরকম হতে পারে যে আপনার বিবেচনায় উত্তরদাতার উত্তর খুব সন্তোষজনক নয় । তার উত্তর অসমাপ্ত, অপ্রাসংগিক হতে পারে বা তিনি উত্তর দিতে অপারগও হতে পারেন । যদি এধরনের হয় তা হলে আপনার আসল প্রশ্নের উত্তর পাওয়ার জন্য আপনাকে হয়তো কোন অতিরিক্ত প্রশ্ন জিজ্ঞেস করতে হতে পারে । এটাকে সত্যতা নির্নয় বা প্রবিং বলে । এজন্য ব্যবহৃত সব অতিরিক্ত প্রশ্ন অবশ্যই নিরপেক্ষ হতে হবে । যেন কোন অবস্থাতেই উহা উত্তরদাতাকে কোন বিশেষ দিকে নিয়ে না যায় । এ ধরনের কিছু নিরপেক্ষ প্রশ্ন নীচে দেয়া হল :

(ক) "আপনি আর একটু বুঝিয়ে বলতে পারেন" ।
(খ) "কোন তাড়া নেই , একটু চিন্তা করে বলুন" ।
(গ) "আপনি একটু মনে করে দেখুন" ।
(ঘ) "ছেলে মেয়েদের নিকট থেকে জেনেও বলতে পারেন ।

সত্যতা নির্নয় (প্রবিং) সম্ভবত: সাক্ষাৎগ্রহন কারীদের কাজের মধ্যে সব চাইতে কঠিন কাজ । তবে এ কাজ যোগ্যতার সাথে করতে পারলে খুবই সন্তোষজনক হয় তখন প্রবিং করে খুব ভাল উত্তর সংগ্রহ করা হয় ।

- উত্তরদাতার সামাজিক অর্থনৈতিক অবস্থা, শিক্ষা, মনোভাব, ব্যক্তিত্ব ইত্যাদি সাধারনত: সাক্ষাৎগ্রহনকারী থেকে ভিন্ন ধরনের হবে । উপরন্ত আপনি বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের লোকের সাক্ষাৎ গ্রহন করবেন । অতএব কোন উত্তরদাতার উত্তরদানের ব্যাপারে আপনি কোন সময়ই খুব আগ্রহশীল হবেন না । উত্তরদাতা উচ্চ শিক্ষিত, বুদ্ধিমতি, বিচক্ষনা ভেবে প্রশ্ন সংক্ষেপে জিজ্ঞেস করবেন না । উত্তরদাতা অশিক্ষিত হলে তাকে উত্তরদানের পথ বাতলিয়ে দেবেন না বা অনুমান করে উত্তর নিয়ে ফেলবেন না । যখনই প্রয়োজন হবে ভাল ভাবে সত্যতা নিরূপন করে নিন ।

– আপনার আচার ব্যবহার, কথা বলার ভংগী বা এমন কি সাজপোষাক তাকে মনক্ষুন্ন করতে পারে বা তার নিজকে নিজের কাছে হেয় মনে হতে পারে। অতএব আপনাকে শুধু আপনার নিজের প্রশ্নগুলো পড়ে চললেই হবে না বরং উত্তরদাতা আপনার কাছ থেকে কি আশা করছেন, সে ব্যাপারেও সচেতন হতে হবে।

– বিভিন্ন প্রশ্নের উত্তর একটি অপরটির সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা সাক্ষাৎকার গ্রহনের সময় সে সম্পর্কে নিশ্চিত হওয়া অত্যাবশ্যকীয়। যেমন ধরুন – কোন উত্তরদাতার খানার পুরুষ সদস্য সংখ্যা উল্লেখ করলেন ১ জন। খানা প্রধান পুরুষ উল্লেখ করার পরও তিনি রোগীর নাম বললেন খানার একজন নিমন্ত্রিত পুরুষ সদস্যের। এসব ব্যাপারে আপনাকে খুবই সতর্ক থাকতে হবে। সাক্ষাৎগ্রহন শেষ করে চলে আসার পরে যদি এ ধরনের অসামঞ্জস্যপূর্ণ উত্তর দেখা যায় তা হলে কোনটি ঠিক তা বের করা খুবই কঠিন। অতএব, সাক্ষাৎগ্রহন করা কালে আপনি অবশ্যই দেখে নেবেন উত্তরগুলো সামঞ্জস্যপূর্ণ কিনা। এর জন্য প্রশ্নমালাকে আপনার খুব ভাল করে জানতে হবে এবং সাক্ষাৎকারের সময় উপস্থিত বুদ্ধির পরিচয় দিতে হবে।

– প্রতিটি খানায় সাক্ষাৎকার গ্রহন শেষে খানা থেকে বের হওয়ার পূর্বে সতর্কতার সহিত লক্ষ করুন আপনি প্রত্যেকটা প্রশ্ন জিজ্ঞেস করেছেন কিনা এবং প্রত্যেক প্রশ্নের উত্তর সঠিক স্থানে লিখেছেন কিনা।

– ফিল্ড থেকেই সার্ভে রেজিষ্টার -এর সমস্ত ঘর পূরন করে আসতে হবে। বেজ -এ এসে কোন ঘরে কিছু লিখা বা পরিবর্তন করা উচিত নয়।

– আপনাকে "প্রযোজ্য নয়" এবং "জানা নাই" এই কথা দুইটির সঠিক ব্যবহার করতে হবে। কোন ঘর খালি থাকলে সাধারনতঃ ধরে নেয়া হয় যে সাক্ষাৎকার গ্রহনকারী ঐ প্রশ্ন জিজ্ঞেস করেন নাই বা উত্তরদাতার ঐ প্রশ্নের উত্তর জানা নাই। কোন ঘরে ড্যাস (–) চিহ্ন দিলে ধরে নেয়া হয় ঐ প্রশ্ন ঐ খানার জন্য প্রযোজ্য নয়।

জানা নাই = [ ]
প্রযোজ্য নয় = [–]

– Usage Survey Register-এ L.G.S , O.R.S, এবং I.V.S. শব্দ তিনটি সহ সমস্ত সংখ্যাগুলো ইংরেজীতে এবং বাকী সব কিছু বাংলায় লিখতে হবে।

– হাতের লেখা সুন্দর ও স্পষ্ট হওয়া বাঞ্ছনীয়। মনে রাখবেন, আপনার হাতের লেখা শুধু আপনি পড়তে পারলে চলবেনা অন্যরেও তা পড়ে কাজ করতে হবে।

– প্রতিদিন কাজ শেষে প্রশ্নমালার নির্ধারিত স্থানে স্পষ্টভাবে আপনার নাম এবং তারিখ লিখুন।

– কোন গ্রামে কাজ শুরু করার সাথে সাথেই সার্ভে রেজিষ্টারের উপরি ভাগের নির্ধারিত স্থানে এরিয়া, থানা, ইউনিয়ন ও গ্রামের নাম লিখুন।

– কোন নতুন ইউনিয়নের কাজ Usege Survey Register-এর নতুন পৃষ্ঠার প্রথম লাইন থেকে এবং নতুন গ্রামের কাজ যে কোন পৃষ্ঠার প্রথম লাইন থেকে শুরু করতে হবে।

রিইনফোর্সমেন্ট টিম-ইন-চার্জ এর কর্তব্য ও দায়িত্ব:

- কোন ইউনিয়নে কাজ শুরু করার আগেই সহকর্মীদের সাথে আলোচনা সাপেক্ষে আপনার নির্বাচিত গ্রামগুলোর অবস্থান ও যাতায়াত সম্পর্কে স্থানীয় জন সাধারনের নিকট জানার পর উক্ত ইউনিয়নের কর্ম পরিকল্পনা এমনভাবে করতে হবে যেন কাজ নির্দিষ্ট সময়ে শেষ করা সম্ভব হয়।
- Usege Survey Register - এর Cover-এ আপনার এরিয়ার নাম লিখুন।
- কোন ইউনিয়নে কাজ শুরু করার পূর্বেই স্থানীয় লোকজনের সাথে আলোচনার পর ডায়রিয়ার সমস্ত স্থানীয় নাম আপনার সার্ভে রেজিষ্টারের উপরি ভাগে অবশ্যই লিখতে হবে। এ ছাড়া কর্মক্ষেত্রে কোন নাম পাওয়া গেলে তাও উল্লেখ করতে হবে।
- সাক্ষাৎ গ্রহনকারীদের কে তাদের নির্দিষ্ট কাজের জন্য প্রয়োজনীয় তথ্যাদি এবং আনুসাঙ্গিক জিনিসপত্র সরবরাহ করার ব্যাপারে আপনাকে নিশ্চিত হতে হবে।
- প্রতিদিন কাজের শেষে আপনি সাক্ষাৎ গ্রহনকারীদের কাছ থেকে উত্তর সম্বলিত সার্ভে রেজিষ্টার গ্রহন করবেন। সেগুলো সে দিনই পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে দেখুন, সাক্ষাৎ গ্রহনকারীরা ঠিকমত সাক্ষাৎ গ্রহন করেছেন কিনা। বিশেষ করে দেখতে হবে প্রশ্নকারী উত্তরদাতাকে সব ধরনের প্রশ্ন করেছেন কিনা এবং উত্তরগুলোকে ঠিকমত স্পষ্টভাবে এবং শুদ্ধভাবে লিখেছেন কিনা। আপনাকে প্রত্যেকটি বিষয়ে অত্যন্ত যত্ন সহকারে উত্তর সম্বলিত সার্ভে রেজিষ্টার পরীক্ষা করতে হবে. এবং প্রতিদিন কাজ পরীক্ষা করার পর প্রত্যেকটি সার্ভে রেজিষ্টারের সর্বশেষ খানার নীচে তারিখ সহ স্বাক্ষর করতে হবে।সাধারনত: জরিপ কাজের প্রথম দিকে সাক্ষাৎগ্রহনকারীরা ভুল করে থাকেন। ভুলগুলো পুনরাবৃত্তি হওয়ার পূর্বেই সেগুলো সংশোধন করে দিতে হবে।উত্তর সম্বলিত প্রশ্নমালায় যে সমস্ত ভুল পাওয়া যাবে সেগুলো দাগ দিন। নতুন কাজ দেওয়ার পূর্বে এগুলো আলোচনা করুন। ভবিষ্যতে সাক্ষাৎ গ্রহনকারীদের কাজে ভুল বন্ধ করার এটাই একমাত্র উত্তম পন্থা। সব ধরনের মন্তব্য এবং পরিবর্তন লাল কলমে লিখুন। তাতে আপনার কাজগুলো সাক্ষাৎ গ্রহনকারীদের কাজ থেকে আলাদা করা যাবে। যদি কোন মারাত্মক ভুল না থাকে এবং আপনি যদি সে ভুল সংশোধন করতে পারেন তবে তা করুন। যদি আপনার কোন সন্দেহ হয় সাক্ষাৎ গ্রহনকারীদেরকে প্রশ্ন করুন।
- কোন লেখা মুছে ফেলার জন্য সাক্ষাৎকার গ্রহনকারী রাবার জাতীয় কিছু ব্যবহার করে থাকলে আপনি তা ব্যবহারের কারন বিস্তারিত জানার পর সেই স্থানে টি (✓) চিহ্ন দিন
- জরীপের গুনগত মান উন্নয়নের জন্য স্পট চেকিং অপরিহার্য। আপনাকে অবশ্যই সাক্ষাৎগ্রহন -কারীদের কাজের ৫ শতাংশ স্পট চেকিং করতে হবে। এই ক্ষেত্রে যে খানা আপনি স্পট চেক করবেন সেই খানার নির্দিষ্ট ঘরের শেষের দিকে " S C " লিখে সংক্ষেপে দস্তখত করতে হবে। স্পট চেকিং অনেকটা সাক্ষাৎ গ্রহনকারীদের পারদর্শিতা, সততা, কার্যক্ষমতা ইত্যাদি পরিমাপ করার জন্য করা হচ্ছে বিধায় স্পট চেকিং কোথায় করবেন এবং কতগুলো করবেন তার কিছুই সাক্ষাৎগ্রহন কারীদের জানার দরকার নাই।
- সাক্ষাৎ গ্রহনকারীদের পারদর্শিতা অনুধাবন করার জন্য পুন: সাক্ষাৎ গ্রহন একটা ভাল পন্থা। কোন খানাগুলো পুন: সাক্ষাৎ গ্রহন করতে হবে সেটা আপনি ঠিক করবেন। যখন আপনি পুন: সাক্ষাৎ গ্রহন করবেন, তখন সাক্ষাৎ গ্রহনকারীদেরকে আপনার ভালভাবে বুঝিয়ে বলতে হবে কেন পুন: সাক্ষাৎ নিচ্ছেন। কোন অবস্থাতেই সাক্ষাৎকার গ্রহনকারীরা যেন বুঝতে না পারেন যে আপনি উত্তরগুলোর উপর সন্দেহ পোষন করছেন। পুন: সাক্ষাৎ গ্রহন করলে পুন: সাক্ষাৎ গ্রহনকারী খানার ঘরের শেষের দিকে " R T কথা লিখে স্বাক্ষর করতে হবে। পুন: সাক্ষাৎকার গ্রহনের জন্য আপনি অবশ্য প্রয়োজন বোধে টিমের অন্য কোন সদস্যকেও পাঠাতে পারবেন।

- স্বাস্থ্য পুরনকারীদের ভাল আচার ব্যবহার সম্পর্কে আপনাকে নিশ্চিত হতে হবে। কাজের ক্ষতি হতে পারে এমন ব্যবহার তার কাছ থেকে আশা করা উচিত হবে না। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে স্বাস্থ্য পুরনকারীদের সম্পর্ক যতদূর সম্ভব বন্ধুত্ব সুলভ এবং আন্তরিকতাপূর্ন রাখতে হবে এবং এমন কোন বিতর্কিত কাজে জড়িত হতে পারবেন না যাতে নিজের কাজে ক্ষতি হতে পারে। টিম-ইন-চার্জ এর সাথে স্বাস্থ্য পুরনকারীদের সম্পর্ক হবে বন্ধুত্বপূর্ন। কিন্তু অন্যদিকে আপনি যে তাদের কাজের দায়িত্বে আছেন সেটা অবশ্যই তাদের মনে থাকতে হবে। আপনি কোন স্বাস্থ্য পুরনকারীকে বিশেষ সুযোগ দিতে চেষ্টা করবেন না। সকলের ব্যাপারে নিরপেক্ষ থাকবেন।

- স্বাস্থ্য পুরনকারীদের কে ক্রমাগত প্রশিক্ষন দিতে হবে। Formal ট্রেনিং শেষ হলেই যে ইন্টারভিউয়ারদের ট্রেনিং শেষ হয়েছে তা বলা যায় না। কাজ করার সময় অনেক নূতন নূতন সমস্যার সৃষ্টি হতে পারে যার সমাধান ট্রেনিং এর সময় আলোচনা করা হয়নি। আপনার দায়িত্ব এগুলোর সঠিক সমাধান বের করা এবং এধরনের সমস্যা থেকে দূরে থাকার ব্যাপারে খেয়াল রাখা। স্বাস্থ্যপুরনকারী যেন কাজে অমনোযোগী না হন সেই দিকেও আপনাকে লক্ষ রাখতে হবে। স্বাস্থ্যপুরনকারীরা প্রশ্নমালা সম্বন্ধে অভিজ্ঞ হবেন তখনই যখন তারা এ প্রশ্নমালা নিয়ে বেশ কিছু দিন কাজ করবেন।

- তালিকা অনুসারে আগের দিন যে সব খানা ডায়রিয়া রোগীর রোগ নিরাময়ের জন্য LGS ব্যবহার করেছে সেই সব খানায় পরের দিন LGS সংগ্রহ এবং পানির পরিমান পরিমাপের জন্য আপনাকে যেতে হবে। LGS ব্যবহারকারী খানার গিয়ে আপনি প্রস্তুতকারিনী মহিলাকে আপনার সামনেই LGS বানিয়ে দেখাবার জন্য অনুরোধ করবেন। যদি ঐ খানার কোন গুড় না থাকে তা হলে আপনি আপনার ব্যাগ থেকে গুড় দিয়ে অন্য কিছুই বলবেন না। মহিলাকে কি ভাবে LGS তৈরী করে তা সূক্ষভাবে লক্ষ রাখবেন। LGS তৈরী করার পর তা আপনি পানির পরিমান মাপের জন্য আপনার বিকারে নিন এবং পানির মাপ দেখে সঙ্গে সঙ্গে লিখে ফেলুন। এরপর এক Vial Sample সেখান থেকে নিয়ে Vial এর সাথে ক্রমানুয়ে Area Code No, Reinforcement Team No, Union Code No, Village Code No এবং Household No লিখে টেপ দিয়ে লাগিয়ে আপনার সাথে নিয়ে আসুন। বিকারে LGS পরিমাপের আগে ও পরে ঐ খানাতে অবস্থান কালেই আপনার বিকার ধুয়ে পরিষ্কার করুন। Sample Vial সংগ্রহ করার পর যদি দেখেন LGS তৈরীতে কোন ভুল আছে তা হলে ভুল সংশোধন করে দিন যাতে ভবিষ্যতে ঐ মহিলা নির্ভুল LGS তৈরী করতে পারেন। এই প্রসঙ্গে LGS এর উপকারিতা সম্পর্কে কিছু কথা বলতে পারেন।

- একই খানায় একাধিক রোগীর জন্য একই মহিলা LGS তৈরী করলে একবার LGS তৈরী করে এক Vial Sample সংগ্রহ করলে চলবে। যদি কোন কারনে LGS প্রস্তুতকারিনী মহিলাকে আপনি না পান তাহলে Sample সংগ্রহের প্রয়োজন হবে না। স্বাস্থ্য কর্মী কর্তৃক প্রত্যক্ষভাবে চিকিৎসাধীন বা চিকিৎসিত কোন রোগীর ক্ষেত্রেও Sample সংগ্রহের প্রয়োজন হবে না। এসব ক্ষেত্রে আপনাকে অবশ্যই সার্ভে রেজিষ্টারের নীচের জায়গাটুকুতে ঐ খানার নং উল্লেখ করে Sample সংগ্রহ না করার কারন লিখতে হবে।

- LGS প্রস্তুতকারিনী একাধিক হলে এবং সবাইকে উপস্থিত পাওয়া গেলে সর্বশেষ প্রস্তুতকারিনীর Sample সংগ্রহ করতে হবে। অবশ্য উনাকে পাওয়া না গেলে যে কোন একজন প্রস্তুতকারিনী থেকে Sample সংগ্রহ করলে চলবে।

অপর পৃঃ ৮

- সাক্ষাৎকার গ্রহনকারীর কাজের পরবর্তী পর্যায়ে কোন গ্রামে Usage Survey -এর কাজ করার সময় কোন ভ্রমফল খানার যোগ্য উত্তরদাতা পাওয়া গেলে সে ক্ষেত্রে আপনাকে অবশ্যই ঐ খানার সাক্ষাৎকার গ্রহন করতে এবং খানা নং এর পার্শ্ববর্তী তারকা চিহ্ন মুছে দিতে হবে। এই ক্ষেত্রে ঐ খানায় একাধিক ডায়রিয়া রোগীর সন্ধান পাওয়া গেলে খানার সম্পূর্ন লাইন কেটে "Cancelled" লিখে ঐ গ্রামের শেষ নম্বরের পরে ঐ একই খানা নম্বর লিখে সাক্ষাৎকার গ্রহন করুন এবং Usage Survey Register -এর নীচে উল্লেখ করুন।

- কি ভাবে উৎকৃষ্ট পদ্ধতিতে সাক্ষাৎগ্রহন করা যায়, তার উপর সাক্ষাৎ গ্রহন কারীদের প্রশিক্ষন দেওয়া হয়। সাক্ষাৎ গ্রহন একটা বিশেষ কৌশল। একজন সাক্ষাৎ গ্রহনকারী কি রকম উত্তর পাবেন তা সম্পূর্ন নির্ভর করবে প্রশ্নকারীর উপস্থাপনা, ব্যবহার, প্রশ্ন করার কৌশল ইত্যাদির উপর সাক্ষাৎ গ্রহনকারীদেরকে এমনভাবে সাক্ষাৎ নিতে হবে যেন সাক্ষাৎ দাতাদের নিকট থেকে নির্ভুল এবং পরিপূর্ন তথ্য পাওয়া যায়। অবশ্য কোন ভাল সাক্ষাৎ নিতে হলে সাক্ষাৎ গ্রহনকারীকে প্রশ্নমালার সম্পূর্ন প্রশ্ন গুলো ভালভাবে বুঝতে হবে। সুপারভাইজার বা টিম-ইন-চার্জ কে একজন ভাল সাক্ষাৎ গ্রহনকারী হতে হবে।

- টিম-ইন-চার্জ এর দায়িত্ব হলো ঘন ঘন সাক্ষাৎগ্রহনকারীদের কাজ পরীক্ষা ও পর্যালোচনা করা। ভাল ও উন্নতমানের জরিপ কাজের জন্য এ ধরনের পন্থা খুবই কার্যকর। সকল সাক্ষাৎ গ্রহনকারী সাক্ষাৎ এর জন্য যেন একই নিয়ম ও পন্থা অনুসরন করেন সেদিকে আপনাকে অবশ্যই লক্ষ রাখতে হবে। এ ক্ষেত্রে যদি একই নিয়ম অনুসরন করা না হয় তাহলে বিভিন্ন সাক্ষাৎ গ্রহনকারী একই তথ্য বিভিন্ন ভাবে লিখবেন। এটা আদৌ কারো কাম্য নয়।

- যে এলাকায় জরিপ কাজ চলবে সে এলাকার স্থানীয় প্রশাসন ও জনগণকে জরিপের উদ্দেশ্য ও লক্ষ খুব ভাল ভাবে বুঝাতে হবে এবং তাদেরকে ধারনা দিতে হবে যে এ জরিপ কাজ শুধুমাত্র তাদের এবং দেশের মঙ্গলের জন্য। তাদের সহযোগিতা এবং সাহায্যের উপরই নির্ভর করে জরিপের সফলতা।

- আপনাকে প্রতিমাসের শেষের দিকে আপনার টিম কর্তৃক জরিপকৃত সমস্ত সার্ভে রেজিষ্টার গুলো Union C verage Report (See AppendixIII) সহ ভালমত প্যাকেট করে এরিয়া অফিসে পৌছাতে হবে। কোন ইউনিয়নে জরিপ কাজ সম্পূর্ন না হওয়া পর্যন্ত কোন অবস্থাতেই সার্ভে রেজিষ্টার গুলো পাঠাবেন না। এরিয়া অফিস পরবর্তী পর্যায়ে এরিয়ার সমস্ত সার্ভে রেজিষ্টার গুলো চূড়ান্ত ফলাফলের জন্য ঢাকা হেড অফিসে পাঠিয়ে দিবেন।

- আপনাকে প্রতি মাসের শেষের দিকে আপনার টিমের সংগৃহীত LGSSample Vial গুলো এরিয়া অফিসে জমা দিতে হবে। কত তারিখ থেকে কত তারিখ পর্যন্ত আপনার জমাকৃত Sample Viles গুলো সংগ্রহ করেছেন তাও উল্লেখ করতে হবে।

প্রশ্নমালার (See Appendix IV) বিশদ ব্যাখ্যা:

খানা নং –

- নির্বাচিত গ্রামের প্রতিটি ঘরে আপনাকে অবশ্যই যেতে হবে। একটি গ্রামে আপনি যতগুলি খানাতে যাবেন তার প্রত্যেকটির একটা নিজস্ব আলাদা নম্বর থাকবে। কোন গ্রামে কাজ শুরু করার আগে ঐ গ্রাম সম্পর্কে বিস্তারিত জেনে যে কোন এক প্রান্ত থেকে ক্রমানুয়ে খানা নং দিয়ে আসতে হবে যেন আপনার সুপারভাইজার সহজেই ঐ খানা সনাক্ত করতে পারেন।

- কোন বাড়ীতে বা খানার যোগ্য উত্তরদাতা না থাকলেও ঐ বাড়ীর বা খানার নং আপনাকে দিতে হবে এবং খানা নং এর পার্শে তারকা চিহ্ন (*) দিতে হবে। এই ক্ষেত্রে প্রতিবেশীদের নিকট উক্ত খানা প্রধানের নাম লিখে বাকী ঘরগুলি খালী রাখতে হবে।

- সাধারনতঃ একজন সাক্ষাৎকার গ্রহনকারী একটি গ্রামের সম্পূর্ন সাক্ষাৎকার গ্রহন করবে। যদি সম্ভব হয় একই গ্রামে দু'জন সাক্ষাৎ গ্রহনকারীর সাক্ষাৎকার গ্রহন না করাই ভাল। একই গ্রামে দু'জন সাক্ষাৎকার গ্রহনকারী কাজ করলে একজন 001, 003, 005 .... এবং অন্যজন 002, 004, 006, ... এইভাবে খানা নং দিবেন। অবশ্য দু'জনকেই ভারসাম্য রক্ষা করে সাক্ষাৎকার গ্রহন করতে হবে নতুবা খানা নং ক্রমানুয়ে রাখা কঠিন হয়ে পড়বে। যে কোন অবস্থাতেই খানা নং ক্রমানুয়ে রাখতে হবে।

- একই খানায় একাধিক ডায়রিয়া রোগী পাওয়া গেলে খানা নম্বর এর পার্শ্বে প্রথম রোগীর ক্ষেত্রে A; দ্বিতীয় রোগীর ক্ষেত্রে B, তৃতীয় রোগীর ক্ষেত্রে C, ... এইভাবে ক্রমানুয়ে ইংরেজী অক্ষর লিখতে হবে।

- এক সদস্য বিশিষ্ট পরিবারের সদস্য সদস্যা যদি উন্মাদ, বোবা কিংবা অপ্রকৃতিস্থ হয় তবে সে খানা অসম্পূর্ন বলে বিবেচিত হবে বিধায় উক্ত খানার সাক্ষাৎকার গ্রহন নিষ্প্রয়োজন।

- কোন খানা সংখ্যা ভুলবশতঃ একাধিকবার লেখা হলে পরের খানাটি কেটে সেখানে Cancelled " লিখে ঐ গ্রামের শেষ নম্বরের পরে ক্রমানুসারে নম্বর দিন এবং রেজিস্টারের নীচের দিকে ঐ খানার অবস্থান জানার জন্য পার্শ্ববর্তী খানাগুলোর নম্বর উল্লেখ করুন।

- ভুলবশতঃ কোন খানা সংখ্যা বাদ পড়লে সে ক্ষেত্রে গ্রামের শেষ পৃষ্ঠায় রেজিস্টারের নীচে এবং Union Coverage Report - এর Remarks এর জায়গায় তা উল্লেখ করতে হবে।

খানা প্রধানের নাম:

- আপনি যে খানার সাক্ষাৎকার গ্রহন করবেন সে খানার কর্তার নাম দ্বিতীয় কলামে লিখুন। খানার সকল সদস্য যার কথা মেনে চলে তাকেই সাধারনতঃ খানা প্রধান বলা হয়। সাধারনতঃ দেখা যায় কিছু ব্যক্তি মহিলা বাচ্চা ভাল নামে সমাজে পরিচিত নন। কিন্তু তাঁরা তাদের প্রচলিত নামে খুবই পরিচিত সে নামও উল্লেখ করতে হবে। খানা প্রধানকে অবশ্যই খানার নিয়মিত সদস্য হতে হবে।

খানা প্রধান নির্নয়ে আমাদের সাক্ষাৎকার গ্রহনকারীদের মারাত্মক কিছু ভুল ইতিমধ্যেই পরিলক্ষিত হয়েছে যেমন – অনেক সাক্ষাৎগ্রহনকারী বাড়িতে গিয়ে জিজ্ঞেস করেন বাড়ীর মালিক কে? অনেক বাড়ীর মালিক হয়ত জীবিত নাই। স্বাভাবিকভাবেই মৃত ব্যক্তি খানা প্রধান হতে পারেন না। তাই নিশ্চিত হওয়ার জন্য প্রত্যেক সাক্ষাৎ গ্রহনকারীর উচিত খানা প্রধানের অবস্থান সম্পর্কে খোঁজ নেওয়া (যদি সাক্ষাৎকার গ্রহনের সময় খানা প্রধান অনুপস্থিত থাকেন) যেমন– উনি এখন কোথায়?

অপর পৃঃ ১০

<u>খানা সদস্য সংখ্যা</u> :

- খানা সদস্য বলতে আমরা তাদেরকে বুঝাবো যারা উক্ত খানায় নিয়মিতভাবে অবস্থান এবং একত্রে আহারাদি গ্রহন করছেন । এখানে একই চুলা থেকে খাদ্য গ্রহন করছেন (যেমন – গৃহশিক্ষক, আত্মীয় কাজের লোক) তাদেরকে অবশ্যই খানা সদস্য হিসাবে গণ্য করতে হবে। অবশ্য এ ক্ষেত্রে গৃহ শিক্ষক, আত্মীয় ও কাজের লোক ব্যতীত খানার কোন সদস্য সদস্যা যারা সপ্তাহে কমপক্ষে একদিন খাওয়া দাওয়া ও রাত্রি যাপন করেন তাদেরও নিয়মিত সদস্য সদস্যা হিসাবে গন্য করা যেতে পারে । খানা প্রধানের নাম লিখার পর উক্ত খানায় পুরুষ ও মহিলা সমেত কয়জন পুরুষ ও মহিলা আছে তা 'পু:' এবং 'ম' কলামে সংখ্যায় লিখতে হবে । যেমন একটা খানাতে ৯জন সদস্য সদস্যা থাকলে তার মধ্যে কয়জন পুরুষ এবং কয়জন মহিলা সঠিক ভাবে জেনে নিতে হবে । পুরুষ এবং মহিলার (শিশুসহ) সংখ্যা জানার পর লিখতে হবে :

পু:	ম
4	5

- কোন খানায় শুধুমাত্র একই লিঙ্গের সদস্য সদস্যা থাকলে অন্য ঘরে ড্যাস (–) চিহ্ন দিন ।
- কোন স্বামীর দুই বা ততোধিক স্ত্রী পৃথক খানার সদস্যা হলে সে ক্ষেত্রে সাধারনত: স্বামী যে খানায় অধিক দিন থাকা খাওয়া করেন সে খানার নিয়মিত সদস্য বলে বিবেচিত হবেন ।
- অনেক ব্যক্তি মহিলা বিভিন্ন খানায় সম সংখ্যক দিন পালাক্রমে খাওয়া দাওয়া করে থাকেন । সে ক্ষেত্রে সাক্ষাৎকার গ্রহনের দিন উনি যে খানায় খাওয়া দাওয়া করেছেন সে খানার নিয়মিত সদস্য বলে গণ্য হবেন ।
- বিয়ের পরেও কোন মহিলা যদি মাতা-পিতা কিংবা ভাইয়ের সংসারে অবস্থান করে থাকেন তবে সেই মহিলা উক্ত খানার নিয়মিত সদস্য বলে বিবেচিত হবেন ।

<u>রোগীর বিবরণ</u> :

- রোগীর বিবরন কলাম পূরন করার সময় শুধু মাত্র ডায়রিয়ায় আক্রান্ত খানা সদস্য সদস্যাদের নাম লিখতে হবে । ডায়রিয়া ব্যতীত অন্যান্য রোগ যেমন – জ্বর, সর্দি, কাশি, আমাশয়, ইত্যাদিতে আক্রান্ত রোগীর নাম রেজিষ্টারে লিখতে হবে না কিন্তু আপনাকে অবশ্যই বিভিন্ন রোগ সম্পর্কে খোঁজ নিতে হবে ।
- যেহেতু ডায়রিয়া বলতে গ্রামের লোক সংকটময় অবস্থাকে বুঝায় সেহেতু প্রশ্ন করার সময় সরাসরি ডায়রিয়া রোগের কথা না বলে ডায়রিয়া রোগীও রোগের বিভিন্ন অবস্থার কথা বিভিন্ন কলা কৌশলে বর্ননা করে বের করতে হবে । মনে রাখবেন যে কোন ভাবে একবার পাতলা পায়খানা হওয়াকে ডায়রিয়া বলে । এটা আমাদের নিজস্ব সংজ্ঞা, মানুষ কিন্তু ডায়রিয়া বলতে এটাকে বুঝায় না । রোগ নির্নয়ের ব্যাপারে সর্বোত্তম পন্থা হচ্ছে ডায়রিয়ার স্থানীয় নাম ব্যবহার করা ।
- যদি উত্তর দাতার কথায় আপনার মনে হয় যে রোগ রোগীর অবস্থা ডায়রিয়া রোগের সংগে সংগতিপূর্ন নহে তখন রোগীর বিবরন কলামে ড্যাস চিহ্ন (-) দিতে হবে এবং ঐ লাইনে আনুষাঙ্গিক তথ্য নেওয়া প্রয়োজন হবেনা তাই অন্যান্য কলাম গুলিতেও ড্যাস চিহ্ন (-) দিন ।

অপর পৃ: ১১

রোগ/রোগীর বিবরনের জন্য আপনার উল্লেখিত সময় (Reference Priod) হবে পনর দিন । উল্লেখিত সময়ের মধ্যে শুধু মাত্র ডায়রিয়া আক্রান্ত খানা সদস্য/সদস্যাদের নাম লিখতে হবে । উল্লেখিত সময় বের করার ব্যাপারে সর্তকতা অবলম্বন করা উচিত । চতুর্থ কলাম পর্যন্ত পূরন করার পর প্রথম জিজ্ঞেস করুন আজ এই খানায়/বাড়ীতে কেহ অসুস্থ আছে কি না ? হাঁ হলে বিস্তারিত জানতে চেষ্টা করুন । দ্বিতীয়ত: জিজ্ঞেস করুন গত এক সপ্তাহের মধ্যে (অর্থাৎ আপনি যে দিন সাক্ষাৎকার গ্রহন করছেন আগের সপ্তাহের ঠিক ঐ দিন থেকে আজ পর্যন্ত) এ খানায় কেহ অসুস্থ আছে বা ছিল কিনা ? তৃতীয়ত: জিজ্ঞেস করুন এর আগের ঐ একই বার পর্যন্ত কেহ অসুস্থ আছে বা ছিল কিনা ? উত্তরদাতা দাত্রীর যোগ্যতা বিবেচনা করে আপনি গত পনের দিনের কথাও উল্লেখ করতে পারেন ।

খানা সদস্য নয় এমন কেহ অর্থাৎ কোন অতিথি যদি উল্লেখিত সময়ের মধ্যে এই খানায় এসে ডায়রিয়ায় আক্রান্ত হয় তার বিবরন অবশ্যই উল্লেখ করতে হবে । এই ক্ষেত্রে রোগীর নামের পার্শ্বে তারকা চিহ্ন (*) দিন । একাধিক ডায়রিয়া রোগীর সন্ধান একই খানায় পাওয়া গেলে দ্বিতীয় ও পরবর্তী রোগীদের জন্য দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ কলামে ড্যাস (-) চিহ্ন দিয়ে রোগীর নাম থেকে শুরু করে বাকী কলাম গুলো পূরন করুন । এই ক্ষেত্রে ঐ গ্রামের পরবর্তী খানার নং আপনার শেষ রোগীর পরবর্তী লাইনে লিখতে হবে ।

<u>রোগীর নাম</u> :

ডায়রিয়ায় আক্রান্ত রোগীর নাম আপনাকে সঠিক ভাবে লিখতে হবে । সাধারনত: দেখা যায় কিছু ব্যক্তি/মহিলা/বাচ্চা ভাল নামে সমাজে পরিচিত নন কিন্তু তাঁরা তাঁদের প্রচলিত নামে খুবই পরিচিত তাই তিনি যে নামে বেশী পরিচিত সে নামও উল্লেখ করতে হবে ।

<u>রোগীর বয়স নির্নয়</u> :

আমরা বিভিন্ন জরিপে দেখেছি গ্রামের লোকেরা বয়সের ব্যাপারে সম্পূর্ন অজ্ঞ । প্রত্যেকটি রোগীর বয়স যথা সম্ভব সঠিকভাবে লিখতে চেষ্টা করবেন । সঠিক বয়স নির্ধারনের যতরকম পদ্ধতি আছে তার প্রত্যেকটা পদ্ধতিতে চেষ্টা করুন । ছোট বাচ্চাদের সঠিক বয়স বের করার একটা পদ্ধতি হলো দাঁত পড়া নিয়ে । কেন না ছোট বাচ্চাদের সাত বা সাড়ে সাত বৎসরে দাঁত পড়তে দেখা যায় । এর উপর ভিত্তি করে ছোট ছেলে মেয়েদের বয়স নির্ধারন করা যায় । বয়স নির্নয়ে সহজতম পন্থা হচ্ছে, উল্লেখযোগ্য ঘটনার সঙ্গে পার্থক্য দিয়ে বের করা যেমন স্বাধীনতা যুদ্ধকালীন বয়স, ভারত বিভাগের সময় বয়স, স্থানীয় কোন ঘটনার সময় বয়স, বিবাহের সময় বয়স, প্রথম সন্তানের বয়স ইত্যাদি ।

বয়স বের করার পর ভগ্নাংশে বয়স লিখা উচিত নয় । রোগীর বয়স সব সময় পূর্ন বৎসরে লিখতে হবে । যেমন :-

(ক) ১ বৎসর ১১ মাস ১০ দিন = 1
(খ) ৯ মাস ৭ দিন = 0
(গ) ১৪ বৎসর ৬ মাস = 14
(ঘ) ২৫ দিন = 0

<u>লিঙ্গ</u> :

যদি রোগী পুরুষ হন তবে লিখতে হবে "পু:" আর যদি রোগী মহিলা হন তবে লিখতে হবে "ম" অনেক ক্ষেত্রে হয়তো এই প্রশ্ন জিজ্ঞেস করতে হবে না তবে বিন্দুমাত্র সন্দেহ হলে (বিশেষ করে বাচ্চাদের বেলায়) অবশ্য জিজ্ঞেস করে নেবেন । শিশুদের বেলায় পরিধেয় বস্ত্র দেখে অথবা নাম শুনে লিঙ্গ নির্নয় করতে হবে ।

অপর পৃ: ১২

- রোগী কি নিয়মিত কাজ কর্ম করতে পেরেছিলেন ?

- ডায়রিয়া রোগীর তীব্রতা (Severeness) সম্পর্কে জানার জন্যই এই প্রশ্ন । গুরুতর ডায়রিয়া হলে রোগী সাধারনতঃ তার নিয়মিত কাজ করতে পারেনা । এইসব ক্ষেত্রে রোগীকে জিজ্ঞেস করুন রোগীর কাজ করতে অসুবিধা হয় কি না ? ছোট শিশুদের বেলায় তাদের স্বাভাবিক খেলাধূলা , খাওয়া দাওয়া ইত্যাদি সম্পর্কে প্রশ্ন করতে হবে । অনেক ক্ষেত্রে দেখা যায় ডায়রিয়া আক্রান্ত শিশুর মাথার তালু বসে যায় কিংবা চোখ কোটরের মধ্যে ঢুকে যায় ।

- উল্লেখিত সময়ের মধ্যে ডায়রিয়ায় আক্রান্ত কোন রোগী মারা গেলে সে ক্ষেত্রে এই ঘরে 'হাঁ' বা 'না''এর পরিবর্তে 'মৃত" লিখুন এবং রোগীর নামের নীচে লাল দাগ দিন ।

চিকিৎসা পদ্ধতি:

- চিকিৎসা পদ্ধতি বা ব্যবস্থা বলতে এখানে বুঝানো হয়েছে যে ডায়রিয়া রোগী রোগ নিরাময় বা চিকিৎসার জন্য কোন ব্যবস্থা , যেমন - এলোপ্যাথিক, হোমিওপ্যাথিক, কবিরাজি, পীর ফকির, লবন গুড় স্যালাইন (L.G.S.) ইত্যাদি গ্রহন করেছে কিনা । রোগী রোগ নিরাময়ের জন্য যে ব্যবস্থা গ্রহন করেছে তা সুনির্দিষ্ট করে লিখতে হবে ।

- গ্রামের লোকেরা এলোপ্যাথিক, হোমিওপ্যাথিক ইত্যাদি বুঝেনা । তাই কি ঔষধ খেয়েছে বলার পর চিন্তা করে নিশ্চিত হয়ে চিকিৎসা পদ্ধতির ঘরে শুধুমাত্র এলোপ্যাথিক, হোমিওপ্যাথিক , কবিরাজি, পীর ফকির, L.G.S,IVS. এবং ORS এই সাতটি পদ্ধতিতে শ্রেণীভুক্ত করে লিখুন।

- একাধিক ব্যবস্থা গ্রহন করে থাকলে ক্রমানুসারে একই ঘরের মধ্যেই লিখতে হবে ।

- পনের দিনের মধ্যে একাধিকবার ডায়রিয়ায় আক্রান্ত হলে প্রথম বার থেকেই চিকিৎসা পদ্ধতি ক্রমানুয়ে লিখতে হবে ।

- যদি কোন রোগীর চিকিৎসা না হয়ে থাকে বা চিকিৎসা ছাড়াই রোগ সেরে যায় তাহলে এই ঘরে ক্রস (X) চিহ্ন দিন ।

- LGS ছাড়া অন্য কোন পদ্ধতি গ্রহন করে থাকলে এই লাইনের পরবর্তী দুই ঘরে ড্যাস (-) চিহ্ন দিন ।

- উল্লেখিত সময়ের মধ্যে স্বাস্থকর্মী কর্তৃক চিকিৎসিত হলে এ ক্ষেত্রে LGS উল্লেখ করতে হবে ।

L.G.S ব্যবহার করে থাকলে কতবার পাতলা পায়খানার পর ।

- চিকিৎসা পদ্ধতির ঘরে LGS উল্লেখ থাকলেই আপনাকে অত্যন্ত সতর্কতার সাথে জানতে হবে কি কয়বার পাতলা পায়খানার পর রোগীকে LGS খাওয়ানো হয়েছিল । সঠিক উত্তরের জন্য এই ক্ষেত্রে আংশিক প্রশ্ন করা বাঞ্ছনীয় । যেমন শুরু হওয়ার দিন কয়বার পাতলা পায়খানা হয়েছিল রাতে কয়বার পাতলা পায়খানা হয়েছে ? পরের দিন কয়বার পাতলা পায়খানা হয়েছে ? ইত্যাদি ইত্যাদি ।

- উল্লেখিত সময়ের মধ্যে একাধিকবার ডায়রিয়ায় আক্রান্ত হওয়ার কারনে একাধিকবার LGS ব্যবহার করে থাকলে সর্বশেষ ব্যবহার কতবার পাতলা পায়খানার পর করেছেন তাই উল্লেখ করতে হবে ।

অপর পৃঃ ১০

- <u>প্রশ্নমালার ধারাবাহিকতা</u> :

— প্রত্যেক সাক্ষাৎকার গ্রহণকারীর জরিপের প্রশ্নমালার ধারাবাহিকতা বজায় রাখা উচিত। Usage Survey -এর জন্য নিম্নবর্ণিত উপায়ে প্রশ্ন করা যেতে পারে। এখানে একটি সাধারণ সাক্ষাৎকারের প্রশ্নের নমুনা দেয়া হয়েছে মাত্র। আপনাকে অবশ্যই সব সময় বিভিন্ন প্রশ্নমালার ব্যাখ্যা মাথায় রেখে ধারাবাহিকতা বজায় রেখে প্রয়োজন মত ক্ষেত্র বিশেষে বিভিন্ন আনুষাঙ্গিক প্রশ্ন করতে হবে।

— কোন বাড়ীতে প্রবেশ করার পূর্বে একজন সাক্ষাৎকার গ্রহণকারীর করণীয় কাজ :

- বাড়ীতে "কে আছেন" এই প্রশ্ন করে বাড়ীর লোক খোঁজ করা।
- কেউ আসার সাথে সাথে অবস্থা বুঝে তার সাথে শুভেচ্ছা বিনিময় করা।
- এরপর এইভাবে পরিচয় দেয়া " আমি একজন স্বাস্থ্যকর্মী, স্বাস্থ্য বিষয়ক জরিপের উদ্দেশ্যে, আপনার বাড়ীতে কিংবা এই গ্রামে সাধারণতঃ কোন ধরনের অসুখ-বিসুখ বেশী হয় তা জানার জন্য এসেছি। এ ব্যাপারে আপনি আমাকে একটু সহযোগিতা করুন।"

— শুভেচ্ছা বিনিময় ও আপনার পরিচয় প্রদানের পর জিজ্ঞেস করুন :

- এই বাড়ী কি আপনার ?
- আপনাদের এখানে কয়টা হাড়ি চুলো বা কয়টা সংসার আছে ?
- এই ঘর বা খানাটি কার ?

(একটি ঘর বা বাড়ী দেখে কোন ভাবেই নিশ্চিত হবেন না এখানে একটি খানা।)

- আপনাদের সংসার কার কথায় বা মাতবরীতে চলে ?
- উনি এখন কোথায় ?
- উনি কি সব সময় বাড়ীতে থাকেন ?
- উনার নাম কি ? উনার কি কোন ডাক নাম আছে ?

(এখন খানা প্রধানের নাম লিখুন)

- দুধের বাচ্চাসহ আপনারা একপাকে কতজন খাওয়া দাওয়া করেন ?
- আপনার বাড়ীতে কোন জায়গীর কিংবা কাজের লোক আছে কি ?
- আপনার ছেলে-মেয়েদের মধ্যে কয়জনের বিয়ে হয়েছে ?
- তারা এখন কে কোথায় আছে ?
- আপনি যে বললেন '১' জন লোক। তারা কি সব সময় এখানে খাওয়া দাওয়া করেন ?
- আপনার খানা লোকের মধ্যে বাচ্চাসহ কতজন পুরুষ এবং কতজন মহিলা ?

(এখন মোট সংখ্যার সাথে সামঞ্জস্যতা যাচাই করে লিখুন। যদি অসামঞ্জস্য হয় তাহলে বিস্তারিত জিজ্ঞেস করার পর সঠিক সংখ্যা বের করে লিখতে হবে।)

- আজ সোমবার, আজ আপনার বাড়ীতে সবাই শারিরীকভাবে ভাল ও সুস্থ আছেন কি ?
- কারো কোন ধরনের জ্বর, সর্দি, কাশি, পাতলা পায়খানা, বমি, দাস্ত (এরপর ডায়রিয়ার স্থানীয় নাম সমূহ বলুন) ইত্যাদি আছে কি ?
- ছেলে-মেয়েদের নিকট শুনে ও বলতে পারেন।
- আজ সোমবার থেকে গত সোমবার পর্যন্ত কারো কোন ধরনের জ্বর, সর্দি, কাশি, পাতলা পায়খানা বমি, দাস্ত (এরপর ডায়রিয়ার স্থানীয় নাম সমূহ বলুন) হয়েছিল কিনা ?
- কোন তাড়া নেই, একটু চিন্তা করে বলুন।

অপর পৃঃ ১৪

- আচ্ছা, গতসোমবারের আগের সোমবার পর্যন্ত অর্থাৎ এই পনের দিনের মধ্যে কারো কোন জ্বর, সর্দি, কাশি, পাতলা পায়খানা, বমি, দাস্ত (এরপর ডায়রিয়ার স্থানীয় নাম সমূহ বলুন) হয়েছিল কিনা ?
- আপনি একটু মনে করে দেখুন।

(যদি সাক্ষাৎকার শুরুর দিন কিংবা প্রথম সাত দিনের মধ্যে ডায়রিয়া রোগী পাওয়া যায় তবু গত পনের দিনের মধ্যে আর কোন রোগী ছিল কিনা বিভিন্ন কৌশলে ধৈর্য সহকারে জিজ্ঞেস করুন। রোগীর বিবরণ জিজ্ঞেস করার সময় প্রতিবার বিভিন্ন রোগের নাম উল্লেখ করে জিজ্ঞেস করতে হবে।)

- আজ সোমবার, গত সোমবারের আগের সোমবার থেকে আজ পর্যন্ত কোন আত্মীয়-স্বজন বা বা মেহমান আপনার বাড়ীতে এসে কারো এই ধরনের জ্বর, সর্দি, কাশি, পাতলা পায়খানা, বমি, দাস্ত (এরপর ডায়রিয়ার স্থানীয় নাম সমূহ বলুন) হয়েছিল কিনা ?
- স্মরণ করে বলুন।

— ডায়রিয়া রোগী না পেলে অন্য খানায় চলে যান। ডায়রিয়ার কোন রোগী পেলে জিজ্ঞেস করুন :

- রোগীর নাম কি ?
- উনার কি কোন ডাক নাম আছে ?

(এখন রোগীর নাম লিখুন)

— বয়স নির্ণয়ের ব্যাপারে যে সমস্ত পদ্ধতি রয়েছে তা প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োগ করে সঠিক বয়স জেনে তারপর লিখুন। অনুমান করে বয়স লিখবেন না এবং উত্তরদাতার উল্লেখিত বয়স সঠিক ভেবে সাথে সাথেই লিখে ফেলবেন না। বয়স নির্ণয়ের ক্ষেত্রে সব সময় সততা যাচাই করুন।

— নামের ব্যাপারে কোন সন্দেহ হলে রোগী পুরুষ কি মহিলা জানার পর লিখুন।

— ডায়রিয়ার জটিলতা সম্পর্কে বড়দের বেলায় জিজ্ঞেস করুন :

- রোগী কি অসুখ চলাকালীন সময়ে অন্যান্য দিনের মত নিয়মিত কাজকর্ম কিংবা চলাফেরা করতে পেরেছিলেন ?

— বাচ্চাদের জন্যে জিজ্ঞেস করুন :

- সে কি অসুখ চলাকালীন সময়ে অন্যান্য দিনের মত খেলাধুলা কিংবা হাত পা নাড়া চাড়া করতে পেরেছিলেন ?
- তার মাথার তালু বসে গেছে কিনা ?
- তার চোখ গর্ত হয়ে মাথার ভিতর ঢুকেছে কিনা ?
- রোগীর রোগ সারানোর বা ভাল করার জন্য আপনারা কি ব্যবস্থা করছেন বা করছিলেন ?

— যদি একটি পদ্ধতির কথা উল্লেখ করে তাহলে পরে আবার জিজ্ঞেস করুন :

- আর কি কি করলেন ?

(যতক্ষন পর্যন্ত আর কিছু করিনাই উত্তর না আসে ততক্ষন জিজ্ঞেস করতে থাকুন এবং ধারাবাহিক ভাবে লিখে যান।)

- কতবার পাতলা পায়খানার পর রোগীকে স্যালাইন খাওয়ানো শুরু করলেন বা করেছিলেন ?

(যদি সরাসরি বলে তবে আংশিক প্রশ্ন করে সততা যাচাই করুন এবং সরাসরি বলতে না পারলে আংশিক প্রশ্ন করে সঠিক সংখ্যা বের করার পর লিখুন।)

Appendix - I

ORAL THERAPY EXTENSION PROGRAMME (OTEP)

USAGE SURVEY

ORW VILLAGE COVERAGE STATISTICS REPORT/VILLAGE SELECTION FORM

Area: Thana/Upa Zilla: Union:

ORW Operation Period:

Sl. No.	Name of Village	H/H covered by ORWs	Sl. No.	Name of Village	H/H covered by ORWs
01			16		
02			17		
03			18		
04			19		
05			20		
06			21		
07			22		
08			23		
09			24		
10			25		
11			26		
12			27		
13			28		
14			29		
15			30		

Starting Random Column No.__________ Grand Total:____________

Area Manager

Date: ____________

Team-in-Charge

Date: ____________

Remarks (if any) :

Appendix-II

B R A C

ORAL THERAPY EXTENSION PROGRAMME (OTEP)

USAGE SURVEY

OPERATIONAL PLAN

Reinforcement Team No._____

Area: Thana/Upa-Zilla: Union:

Operational Date: From: To:

Base :

Sl. No.	Name of Selected village	H.H.Co-vered by ORW's	Sl. No.	Name of Selected village	H.H.Co-vered by ORW's

Grand Total: __________

Team-in-charge:

Date:__________

Remarks (if any) :

AYESHA ABED LIBRARY
BRAC
66, Mohakhali C.A, Dacca-12

Appendix-III

B R A C

ORAL THERAPY EXTENSION PROGRAMME (OTEP)

USAGE SURVEY

UNION COVERAGE REPORT

Reinforcement Team No._____

Area: Thana/Upa-Zilla: Union:

Operational period:

Sl. No.	Name of the covered village	Number of Households covered by		No. of households couldn't be covered
		ORW Team	Reinforcement Team	
Total				

Team-in-charge:

Date:

Remarks (if any):

AYESHA ABED

Appendix-IV

BRAC
ORAL THERAPY EXTENTION PROGRAM(OTEP)
USAGE SURVEY FORM

এরিয়া .... থানা/উপজেলা .... ইউনিয়ন ...... গ্রাম .....

খানা নং	খানা প্রধানের নাম	খানা সদস্য সংখ্যা		রোগীর বিবরণ			ঔষধ চলাকালীন সময়ে কি নির্ধারিত [illegible] খেয়ে ছিলেন? হাঁ/না	চিকিৎসা পদ্ধতি	যার ব্যবহার করে থাকে কতবার পাতলা পায়খানা হবার পর
		পু:	ম:	নাম	বয়স	লিঙ্গ			

HOW TO MAKE THE LOBON-GUR MIXTURE

ADD 1 THREE-FINGER PINCH OF SALT (EXACTLY UPTO FIRST CREASE OF INDEX FINGER)

AND 2 FOUR-FINGER SCOOPS OF GUR TO $\frac{1}{2}$ SEER OF TUBEWELL OR BOILED WATER AND STIRRING


CHLORIDE CONCENTRATIONS IN DIFFERENT OTEP AREAS
FROM JULY 1981 TO DECEMBER 1981
AREA IDENTIFICATION
AREA: . n x̄ σx
HOBIGONJ: 200 57.94 18.36
JESSORE: 2326 71.90 20.08
GOPALGONJ: 6311 54.67 15.64
MOULAVI BAZAR: 3662 62.95 19.83
BAGERHAT: 419 71.80 21.36
MADARIPUR: 833 53.42 18.00
10
20
30
40
<30
30-39
40-49
50-59
60-69
70-79
80-89
90-99
100-109
110-119
120+
Cl⁻ in (mmol/L)